সদর ইউএনও’র মহতি উদ্যোগ

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের মনোহরপুর গ্রামে একটি রাস্তার পানি নিস্কাশনের ব্যবস্থা করে দীর্ঘদিনের জলাবদ্ধতার নিরসন করেছেন ইউএনও খায়রুল ইসলাম। তার এ মহতি উদ্যোগে এলাকাবাসীর দুর্ভোগ লাঘব হয়েছে।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: খায়রুল ইসলাম তার সরকারি ফেসবুক পেজে এ নিয়ে লিখেছেন, কুতুবপুর ইউনিয়নের উজলপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রোগ্রাম শেষে নিশ্চিন্তপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার পথে মনোহরপুর গ্রামে দেখি এলজিইডির একটা রাস্তায় প্রায় হাঁটু পর্যন্ত পানি জমে আছে।

গ্রামের লোকজন দেখলাম অনেক কষ্ট করে পার হচ্ছে। গাড়িচালককে বললাম গাড়ি থামাতে। আমার বিষয়টি দেখে খুব খারাপ লাগলো। দঁড়াতেই লোকজন এগিয়ে আসল। তারা বলল তাদের পার হতে খুব কষ্ট হয়। তারা বলল, মাঝে মাঝে এক্সিডেন্ট হয়। এগিয়ে যেতেই দেখলাম, রাস্তার দুই পাশের লোকজন তাদের জমিতে যেন পানি না যায় এজন্য তারা মাটির বাঁধ দিয়ে আটকে রেখেছে। অথচ তারাও এই রাস্তাটি ব্যবহার করে। কয়েক গ্রামের লোক এই রাস্তা ব্যবহার করে। আমি এক এক করে বাড়ির মালিকদের জিজ্ঞাসা করতেই বলল, অমুক বন্ধ করেছে, তাই তারাও করেছে। আমি পাশের বাড়ি থেকে কোদাল এনে মাটি কাটতে বললাম, গ্রাম পুলিশকেও ফোন দিয়ে আনলাম। তারাও কোদাল দিয়ে মাটি কেটে মুহূর্তের মধ্যে রাস্তা থেকে পানি নেমে যায়। শুনলাম অনেকেই বিষয়টি এর আগে সমাধান করতে পারে নাই। এর আগে অনেকবার মারামারি হয়েছে। যারা এতদিন এদের ভয়ে কথা বলতে পারত না তারা খুব খুশি হয়েছে। এখানেই চাকরির সার্থকতা খুঁজে পাই। ”

এলাকাবাসী ইউএনওর এমন কাজক প্রশংসা করে বলেন, সরকারি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা এভাবে দায়িত্ব পালন করলে সমাজ থেকে অনেক সমস্যার সমাধান হয়ে যাবে। তার একটি প্রমান এ রাস্তা।

মেহেরপুরে ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত

মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকায়
সড়ক দুর্ঘটনায় সরফরাজ খান সোনা (৫৫)
নামের এক মোটরসাইকেল আরোহী নিহত
হয়েছেন। আজ বুধবার সকাল সাড়ে ৮টার
দিকে শহরের রনি রেস্তোরাঁর সামনে এই
মর্মান্তিক দুর্ঘটনা ঘটে।

নিহত সরফরাজ খান সোনা মেহেরপুর শহরের পুরাতন পোস্ট অফিস পাড়ার বাসিন্দা। তিনি শামসুল আলম খানের ছেলে।

প্রত্যক্ষদর্শীরা জানান, একটি দ্রুতগামী ট্রাক মোটরসাইকেল আরোহী সরফরাজকে পেছন দিক থেকে চাপা দেয় এবং ঘটনাস্থল ত্যাগ করে। স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

এ বিষয়ে মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেজবাহ উদ্দিন আহমেদ বলেন, “দুর্ঘটনার খবর পাওয়ার সঙ্গে সঙ্গেই পুলিশ ঘটনাস্থলে পৌঁছেছে। ঘাতক ট্রাক ও চালককে শনাক্ত ও আটকের জন্য অভিযান চলছে।”

সড়ক দুর্ঘটনার এই ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

মেহেরপুরে স্বেচ্ছাসেবক দলের বিক্ষোভ মিছিল

সারাদেশে প্রশাসনের নির্লিপ্ততায় ক্রমাগত আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি এবং রাজনৈতিক ষড়যন্ত্রের মাধ্যমে দেশকে অস্থিতিশীল করার প্রতিবাদে মেহেরপুরে বিক্ষোভ মিছিল করেছে বিএনপির অঙ্গসংগঠন স্বেচ্ছাসেবক দল।

মঙ্গলবার (১৫ জুলাই) বিকেল ৪টার দিকে মেহেরপুর জেলা বিএনপি কার্যালয় থেকে একটি বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে শেষে পুনরায় দলীয় কার্যালয়ে এসে শেষ হয়।

বিক্ষোভ মিছিলে নেতৃত্ব দেন কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের সহ-সাংগঠনিক সম্পাদক আব্দুল মোমিন। এছাড়াও মিছিলে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, সিনিয়র যুগ্ম আহ্বায়ক মাহফুজ হোসেন, যুগ্ম আহ্বায়ক ফিরোজুর রহমান ফিরোজ, ইলিয়াস হোসেন, সজীব, ইকবাল হোসেন, রাকিবুল ইসলাম সজলসহ অঙ্গসংগঠনের অন্যান্য নেতাকর্মীরা।

বক্তারা বলেন, দেশে আইনশৃঙ্খলা পরিস্থিতির চরম অবনতি ঘটেছে। প্রশাসন ও সরকার মদদপুষ্ট সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা না নিয়ে উল্টো বিরোধী দলের নেতাকর্মীদের দমন করছে। তারা অবিলম্বে এই অরাজক পরিস্থিতির অবসান এবং গণতান্ত্রিক পরিবেশ ফিরিয়ে আনার দাবি জানান।

মুজিবনগরে যৌথবাহিনীর অভিযানে ওয়ান শুটার গান ও ৩৮ রাউন্ড

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বিক্ষোভ মিছিলে অংশগ্রহণ করেন জেলা ছাত্রদলের সহ-সভাপতি জুয়েল রানা, মেহেরপুর পৌর ছাত্রদলের সদস্য সচিব জারজীস ইউসুফ রমিক, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক ফাহিম আহনাফ লিংকন, গাংনী উপজেলা ছাত্রদলের সদস্য সচিব রিপন হোসেন, গাংনী পৌর ছাত্রদলের সদস্য সচিব শিশির আহমেদ শাকিলসহ বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ।

ছাত্রদলের নেতারা অভিযোগ করেন, একটি স্বার্থান্বেষী মহল শিক্ষাঙ্গনে অস্থিরতা সৃষ্টির মাধ্যমে শিক্ষার্থীদের ভবিষ্যৎ ধ্বংসের পাঁয়তারা চালাচ্ছে। তারা এই ষড়যন্ত্রের বিরুদ্ধে ছাত্রসমাজকে ঐক্যবদ্ধ হয়ে রুখে দাঁড়ানোর আহ্বান জানান।

পরিবার পরিকল্পনায় বিশেষ অবদানে শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী অফিসার হলেন খায়রুল ইসলাম

পরিবার পরিকল্পনা কার্যক্রমে বিশেষ অবদান রাখার স্বীকৃতিস্বরূপ মেহেরপুর সদর উপজেলার নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলামকে জেলা পর্যায়ে শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী অফিসার হিসেবে সম্মাননা প্রদান করা হয়েছে।

সোমবার (১৪ জুলাই) বিকেলে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভা ও সম্মাননা প্রদান অনুষ্ঠানে এই পুরস্কার প্রদান করা হয়।

এর আগেও ২০২৫ সালের জুন মাসে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে বিশেষ ভূমিকার জন্য তাঁকে শ্রেষ্ঠ ইউএনও হিসেবে সম্মাননা দেওয়া হয়েছিল। এবার পরিবার পরিকল্পনা কার্যক্রমে গুরুত্বপূর্ণ অবদান রাখায় দ্বিতীয়বারের মতো তিনি এই গৌরব অর্জন করলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের জেলা প্রশাসক সিফাত মেহনাজ। তিনি ইউএনও মো. খায়রুল ইসলামের হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দেন।

এসময় আরও উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা. একেএম আবু সাঈদ, জেলা শিক্ষা অফিসার হযরত আলী, জেলা পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক রাশেদুল বশির খানসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ।

মেহেরপুরে এরশাদের ৬ষ্ঠ মৃত্যুবার্ষিকী পালন

হুসেইন মোহাম্মদ এরশাদের ৬ষ্ঠ মৃত্যুবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে স্মরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (১৪ জুলাই) বিকাল ৪টায় মেহেরপুর শহরের বালিকা বিদ্যালয়ের সামনে জাতীয় পার্টির কার্যালয়ে এ কর্মসূচির আয়োজন করা হয়।

জেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক আব্দুল হাদীসের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা জাতীয় পার্টির সভাপতি আব্দুল হামিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জাতীয় পার্টির সিনিয়র সহ-সভাপতি কেতাব আলী, সদর উপজেলা সভাপতি কুতুব উদ্দিন, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, গাংনী উপজেলা সভাপতি বাবলু হোসেন, সাধারণ সম্পাদক জান মোহাম্মদ মিন্টু, পৌর সভাপতি আক্তার হোসেন, মটমুড়া ইউনিয়ন সভাপতি আব্দুস সালাম, সার্বিক সহযোগিতা জাতীয় পার্টির নেতা সেলিম রেজাসহ জেলা ও উপজেলা পর্যায়ের নেতা-কর্মীরা।

অনুষ্ঠানে এরশাদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

[redacted]

[redacted]

মুজিবনগরে পুলিশের অভিযানে গ্রেফতার ১

মেহেরপুরের মুজিবনগরে পুলিশের বিশেষ অভিযানে ১ জন ওয়ারেন্টভুক্ত আসামিকে গ্রেফতার করা হয়েছে।

গতকাল রবিবার রাত থেকে আজ সোমবার ভোর পর্যন্ত জেলার বিভিন্ন জায়গায় অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে পুলিশ।

গ্রেফতারকৃত আসামি হলেন ভবেরপাড়ার মৃত নিয়ামত দফাদারের ছেলে মোঃ নজরুল ইসলাম (৪০)।

গ্রেফতারকৃত আসামিকে বিধি মোতাবেক বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।

জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং বিভিন্ন অপরাধের অপরাধীদের গ্রেফতার করতে বিশেষ অভিযান চলমান থাকবে বলে জানিয়েছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।

মেহেরপুরে দুটি প্রতিষ্ঠানে শতভাগ ফেল

মেহেরপুরে দুটি শিক্ষা প্রতিষ্ঠানে এসএসসি ও দাখিল পরীক্ষায় শতভাগ ফেলের ঘটনা ঘটেছে। এর একটি গাংনী উপজেলার এসকেআরএস মাধ্যমিক বালিকা বিদ্যালয় এবং অপরটি পীরতলা দাখিল মাদ্রাসা। দুটি প্রতিষ্ঠান ননএমপিও বলে জানা গেছে।

পীরতলা দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক শরিফুল ইসলাম বলেন, এবছর ১৮ জন পরীক্ষার্থী দাখিল পরীক্ষায় অংশ নিয়েছিলো। এর মধ্যে সকলেই ফেল করেছে। কেন যে এমন হলো তা তিনি বলতে পারেননি। তবে গত বছর ১৮ জন পরীক্ষা দিয়ে ৭জন পাশ করেছিলো বলে তিনি জানান।

এদিকে, একই উপজেলা এসকেআরএস মাধ্যমিক বালিকা বিদ্যালয় থেকে ১ জন পরীক্ষা দিয়েছিলো। সেও ফেল করেছে। তবে ওই প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকের সাথে যোগাযোগ করা সম্ভব হয়নি।

মেহেরপুর জেলা শিক্ষা কর্মকর্তা মো: হযরত আলী বলেন, শতভাগ ফেল করা প্রতিষ্ঠান দুটির শিক্ষক ও শিক্ষার্থীদের সাথে আমরা কথা বলবো। যাতে আগামীতে ভালো ফলাফল করতে পারে সেজন্য ব্যবস্থা নেব।

তিনি আরও জানান, জেলায় সব বিভাগ মিলে ৭৯৪৪ জন পরীক্ষা দিয়ে পাশ করেছে ৫০৬৩, পাশের হার ৬৩.৭৩ শতাংশ, জিপিএ ৫ পেয়েছে ৪৩১ জন।